

প্রিয় পরিবারবর্গ:

আমরা আশা করছি আপনারা নিরাপদে আছেন এবং বায়ুর মানগত সমস্যায় আমাদের সাড়াদানে আপনারদের অব্যাহত নমনীয়তার জন্য আমরা কৃতজ্ঞতা পোষণ করি।

3K, প্রি-K, K-5, 6-8, K-12, এবং D75-এ পরিষেবা প্রদানকারী স্কুলগুলোর জন্য:

পূর্ববর্তী পরিকল্পনা অনুযায়ী, আগামীকাল একটি ক্লারিক্যাল ডে এবং এসব স্কুলের শিক্ষার্থীদের জন্য একটি নিয়মিত সময়সূচিকৃত স্কুলে উপস্থিত না হবার দিন।

ডিস্ট্রিক্ট 1-32 এবং 79-এর 9-12 গ্রেড এবং 6-12 গ্রেডের শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী স্কুলগুলোর জন্য:

এসব স্কুলের শিক্ষার্থীরা 9 জুন সশরীরে স্কুলে অংশগ্রহণের জন্য সময়সূচিকৃত ছিল, এর পরিবর্তে আমরা দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা-নির্দেশনা প্রদান করবো।

দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা গ্রহণের জন্য শিক্ষার্থীদেরকে তাদের স্কুল থেকে ডিভাইস প্রদান করা হয়েছে। আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক অথবা প্রিন্সিপালের সাথে যোগাযোগ করুন।

NYCPS সংশ্লিষ্ট আর্লি চাইল্ডহুড প্রোগ্রামগুলোতে ছেলেমেয়ে রয়েছে যেসব পরিবারে, তারা ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন এবং সুনির্দিষ্ট পরিষেবা প্রদানকারীদের কাছ থেকে পথনির্দেশনা পাবেন।

যতক্ষণ বায়ুর মান সংক্রান্ত স্বাস্থ্য উপদেশ বজায় থাকবে, ততক্ষণ সকল নিউ ইয়র্কবাসীর বাহ্যিক ক্রিয়াকলাপ সীমিত রাখা এবং যখন সম্ভব অভ্যন্তরে থাকা উচিত। বায়ুর মান সংক্রান্ত তথ্য এখানে পাওয়া যাবে:

https://www.dec.ny.gov/cfmx/extapps/aqi/aqi_forecast.cfm

আমরা অব্যাহতভাবে সিটির জরুরী পরিস্থিতিতে সাড়াদানকারী এবং স্বাস্থ্য বিষয়ক এজেন্সিগুলোর সাথে বায়ুর মান সংক্রান্ত পরিস্থিতিতে একযোগে কাজ করে যাব এবং প্রয়োজন অনুযায়ী হালনাগাদকৃত তথ্য প্রদান করবো।